গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইন ও ভূমি অনুবিভাগ
ভূমি শাখা

**বাংলাদেশ রেলওয়ের বকেয়া ১,২৬,৬২,২৭৫/-টাকা প্রাপ্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য রেলপথ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে এবং নর্থ বেঙ্গল পেপার মিলস লিমিটেড কর্তৃপক্ষের সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ১৯.০৭.২০২৩ |
| সভার সময় | বেলা ১১:০০ টা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ, রেলভবন, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি অতিরিক্ত সচিব (আইন ও ভূমি)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। সচিব মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (আইন ও ভূমি) সভায় জানান নর্থ বেঙ্গল পেপার মিলসের নিকট সাইডিং মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত সুদসহ বাংলাদেশ রেলওয়ের সর্বমোট পাওনা ১,২৬,৬২,২৭৫/-টাকা। বকেয়া পরিশোধ না করায় অডিটসহ নানা জটিলতার সৃষ্টি হয়েছে। সৃষ্ট জটিলতা নিরসণকল্পে এ সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি জনাব মোহাম্মদ হানিফ, উপসচিব (ভূমি), রেলপথ মন্ত্রণালয়-কে Power Point এ বিস্তারিত তথ্য উপস্থানের জন্য অনুরোধ করেন।

৩। জনাব মোহাম্মদ হানিফ, উপসচিব (ভূমি) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।

৪। সভায় উপস্থিত নর্থ বেঙ্গল পেপার মিলস্ লিমিটেড-এর প্রতিনিধি জনাব মোঃ সাইফুল আরিফ খান, ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, নর্থ বেঙ্গল পেপার মিলস্ লিমিটেড-সভাকে জানান যে, নর্থ বেঙ্গল পেপার মিলস্ লিমিটেড কারখানাটি গত ৩০.১১.২০০২ ইং তারিখে মিলটি উৎপাদন থাকা অবস্থায় সরকার তথা BCIC কর্তৃক কারখানাটি বন্ধসহ শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের পে-অফ করা হয়। পরিপ্রেক্ষিতে তৎসময়ে কারখানা এলাকা এবং জগতি হতে কুষ্টিয়া চিনিকল পর্যন্ত স্থাপিত রেলওয়ে সাইডিং এর কার্যক্রম বন্ধ হয়ে যায়। তিনি আরও জানান যে, বিগত ০৯.১২.২০০২ তারিখ রেলওয়ে সাইডিং ও রেলওয়ে এক্সচেঞ্জ ইয়ার্ডের সমুদয় মালামাল এর দায়-দায়িত্ব জরুরি ভিত্তিতে বুঝে নেয়ার জন্য ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পাকশী, পাবনা কে পত্র প্রেরণ করা হয়। যা রেলওয়ে কর্তৃপক্ষ ১১.১২.২০০২ তারিখে গ্রহণ করেন। পরবর্তীকালে রেলওয়ের পক্ষ হতে গত ১৬.০২.২০০৩ তারিখে এ বিষয়ে তাগিদপত্র দেয়া হয়। এছাড়া, গত ৩০.০৯.২০০৮ তারিখে অনুষ্ঠিত এনবিপিএম কোম্পানী বোর্ডের ২৪৫ তম সভায় রেলওয়ে কর্তৃপক্ষকে সাইডিং বুঝে নেয়ার জন্য বলা হয় এবং ৩০.১১.২০০২ তারিখের পর হতে NBPML কর্তৃপক্ষের এ বিষয়ে কোনো দায়-দায়িত্ব নাই মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়।

৫। বাংলাদেশ রেলওয়ের পক্ষে উপস্থিত অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) সভায় জানান যে, বাংলাদেশ

রেলওয়ের পশ্চিমাঞ্চলের প্রধান প্রকৌশলী এবং বিসিআইসির প্রতিনিধি সমন্বয়ে দাবীকৃত পাওনার বিষয়ে একটি কমিটি করা যেতে পারে।

৬। সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | বাংলাদেশ রেলওয়ের পাওনা বাবদ ১,২৬,৬২,২৭৫.০০ টাকা পরিশোধের বিষয়ে শিল্প মন্ত্রণালয় জরুরি ভিত্তিতে অর্থ মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করবে। এছাড়াও অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে শিল্প মন্ত্রণালয় দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে নর্থ বেঙ্গল পেপার মিলের নিকট পাওনাদি পরিশোধের উদ্যোগ গ্রহণ করবে। | শিল্প মন্ত্রণালয় |

৭। অতঃপর সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মোঃ হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০৯.০১.০৬৩.২২-১৮২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০;
২) চেয়ারম্যান (গ্রেড-১), বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০;
৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৪) অতিরিক্ত সচিব, আইন ও ভূমি অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৫) ব্যবস্থাপনা পরিচালক, নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. পাকশী, পাবনা;
৬) উপসচিব, ভূমি অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭) পরিচালক, বিএসটিআই, বিভাগীয় অফিস, রাজশাহী;
৮) অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১০) সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা [সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]

ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইন ও ভূমি অনুবিভাগ
ভূমি শাখা
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ের বকেয়া ১,২৬,৬২,২৭৫/-টাকা প্রাপ্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য রেলপথ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে এবং নর্থ বেঙ্গল পেপার মিলস লিমিটেড কর্তৃপক্ষের সমন্বয়ে সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিতে ১৯.০৭.২০২৩ তারিখ বেলা ১১.০০ টায় এ মন্ত্রণালয়ের সভাকক্ষে (রেলভবনস্থ কক্ষ নং-৯৩০, ৯ম তলা) অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা বিবরণী:

| ক্র: নং: | নাম ও পদবি | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ আনিছুর রহমান<br>অতিরিক্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01552306008 | |
| ০২। | মোঃ [illegible] ইসলাম<br>[illegible] (ভূমি) | [illegible] | ০১৭১১৫০৫৬০৩ | |
| ০৩। | মো: মাহফুজুল আরিফিন খান<br>[illegible] ব্যবস্থাপনা পরিচালক NBPM | BCIC | 01309766283 | |
| ০৪। | মোহাম্মদ হানিফ<br>উপসচিব | MoR | 01716388855 | |
| ০৫। | মো: জাকির হোসেন<br>উপসচিব | শিল্প মন্ত্রণালয় | 01711037987 | |
| ০৬। | [illegible] ইসলাম<br>JDG/Engg. | BR | 01711-506120 | ১৯.০৭.২৩ |
| ০৭। | | | | |
| ০৮। | | | | |
| ০৯। | | | | |
| ১০। | | | | |
| ১১। | | | | |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |